

“নোটিশ”

নোটিশ নম্বরঃ ৪২/২০২২

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের গত ১১/০৩/২০২০ তারিখের ২৫.৪১.০০০০.০০৪.০১.০০৬.২০-১১৬৭ (৩৬) নম্বর স্মারকে ইস্যুকৃত “উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)” এবং ১২/০৩/২০২০ তারিখের ২৫.৪১.০০০০. ০০৪.০১.০০৬.২০-১১৮২/৭৯ নম্বর স্মারকে ইস্যুকৃত “উপ-সহকারী প্রকৌশলী (পুর)” পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা ২৫/০৩/২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হওয়ার নিমিত্তে প্রবেশপত্র ইস্যু করা হয়। নিয়োগ পরীক্ষাটি কোভিড-১৯ এর কারণে স্থগিত করা হয়। উক্ত পদ দুইটিতে নিয়োগের লক্ষ্যে আগামী ০৭/১০/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় “খুলনা সরকারি মহিলা কলেজ, বয়রা, খুলনাতে” লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বর্ণিত স্মারক দুইটিতে ইস্যুকৃত প্রবেশপত্রসহ যথাসময়ে নিয়োক্ত নির্দেশনা প্রতিপালন স্বাপেক্ষে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার জন্য সকল পরীক্ষার্থীকে অনুরোধ করা হল।

নির্দেশনাঃ

- ১। বর্ণিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
- ২। প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, মোবাইল, ক্যালকুলেটর/ইলেকট্রনিক্স ডিভাইস, ভ্যানিটিব্যাগ, পার্স, হাতঘড়ি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। যদি কোন পরীক্ষার্থীর নিকট উল্লেখিত জিনিসপত্র থাকে তাহলে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- ৩। আবেদনপত্রে প্রার্থীর দেয়া স্বাক্ষরের সাথে পরীক্ষার হাজিরা সীটে প্রদত্ত স্বাক্ষরসহ সকল তথ্যে মিল থাকতে হবে।
- ৪। মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে চাহিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ৫। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে।
- ৬। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অত্র কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।



সচিব

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা

ও

সদস্য-সচিব

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ০১। উপ-পরিচালক (প্রশাসন), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কেডিএ, খুলনা (সম্মানিত চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য);
- ০২। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা (কেডিএ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)